# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

মূল্যায়ণ পরীক্ষা-২০২১

শ্রেণি ঃ দ্বাদশ

বিষয় ঃ বাংলা

সময় ঃ ২ ঘন্টা ৪০ মিনিট পূর্ণমান ঃ ৭০

## ***বাংলা ১ম-৩০***

***(ক অথবা খ হতে যেকোন একটি করে মোট তিনটি প্রশ্নেরউত্তর দাও)***

১। (ক) 'তবু বড় বয়সের মেয়ের সঙ্গে বাবা যে আমার বিয়ে দিলেন তাহার কারণ, মেয়ের বয়স বড় বলিয়াই পণের অঙ্কটাও বড়। শিশির আমার শ্বশুরের একমাত্র মেয়ে। বাবার বিশ্বাস ছিল কন্যার পিতার সমস্ত টাকা ভাবী জামাতার ভবিষ্যতের গর্ভ পূরণ করিয়া তুলিয়াছে।'

(ক) কন্যাকে আশীর্বাদ করেছিলেন কে? ১

(খ) 'প্রমাণ হইয়া গেছে আমি কেহই নই'– কী সেই প্রমাণ? বুঝিয়ে লেখো। ২

(গ) উদ্দীপকের পিতার সঙ্গে অপরিচিতা গল্পের কোন চরিত্রের মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩

(ঘ) উদ্দীপকটি অপরিচিতা গল্পের বিশেষ একটি দিকেই নির্দেশ করে, পুরো বিষয়কে নয়। মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

১। (খ) জাহাঙ্গীর অলম একজন গার্মেন্টস শ্রমিক নেতা। তার লক্ষ্য হওয়া উচিত শ্রমিকদের সার্বিক স্বার্থ সংরক্ষনের অধিকার আদায়ের ব্যাপারে কাজ করে যাওয়া। কিন্তু সে সাধারণ শ্রমিকের কথা না ভেবে নিজের স্বার্থের কথা ভাবে। মালিক শ্রেণির কাছ থেকে ঘুষ নিয়ে সাধারণ শ্রমিকের অধিকার হরন করে। একজন নেতার উদ্দেশ্য এমন হওয়া উচিত নয়।

(ক) শেখ মুজিবুর রহমান জেলে বসে কতটি চিঠি লেখেন। ১

(খ) একুশে ফেব্রুয়ারির দিন শেখ মুজিবুর রহমান ও অন্যরা উৎকণ্ঠিত থাকেন কেন? ২

(গ) 'বায়ান্নর দিনগুলো ' রচনাটির কথক চরিত্রের সাথে উদ্দীপকের চরিত্রের বৈসাদৃশ্য নির্ণয় করো। ৩

(ঘ) একজন নেতার আদর্শ কেমন হওয়া উচিত বলে তুমি মনে কর? 'বায়ান্নর দিনগুলো' রচনার সাথে উদ্দীপকের তুলনা করে তোমার মতামত যৌক্তিক বিশ্লেষণ করো। ৪

২। (ক) বৈশাখী উৎসব আমাদের প্রাণের উৎসব। সব পেশা, শ্রেণি ও ধর্মের মানুষ এ উৎসব পালন করে। ঐদিন আপমার বাঙ্গালি তাদের ধর্ম, বর্ণ, গোত্র ও ভেদাভেদ ভুলে একই মাঠে নেচে গেয়ে নতুন বছরকে বরণ করে । বৈশাখী মেলা পান্তা ইলিশ, একতারা, নগরদোলা, পুতুলনাচ ইত্যাদি সাংস্কৃতিক কর্মকাণ্ডের মধ্য দিয়ে পরো জাতি তাদের হাজার বছরের সংস্কৃতি ও ঐতিহ্যকে স্মরন করে। এদিনে বাঙ্গালি জাতি সাম্প্রদায়িক চেতনা ভুলে একাকার হয়ে যায়।

(ক) চার্বাক কে? ১

(খ) 'তোমাতে রয়েছে সকল কিতাব, সকল কালের জ্ঞান'– চরণটিতে কবি কী বোঝাতে চেয়েছেন? ২

(গ) উদ্দীপকের বৈশাখী উৎসবের সাথে'সাম্যবাদী' কবিতার সাদৃশ্য বা বৈসাদৃশ্য নির্ণয় করো। ৩

(ঘ)" এদিন বাঙালি জাতি সাম্প্রদায়িক চেতনা ভুলে একাকার হয়ে যায়"– উক্তিটির আলোকে 'সাম্যবাদী' কবিতার মূলভাব আলোচনা করো। ৪

২। (খ) "অন্তহীন মিছিলের দেশ,  
সারি সারি মানুষের আকারে হলে মূর্তিময়ী  
সমস্ত স্বদেশ আজ রাঙা রাজপথে।  
দিবালোক হয়ে ফোটে প্রাজ্ঞল বিপ্লব।  
সাত কোটি মুখ হাসে মৃত্যুর রঙিন তীর হাতে নিয়ে।  
শ্রেণিবদ্ধ এই ভিড়ে সকলেই সবার আগে  
একবার শত্রুকে শেষ দেখা দেখে নিতে চায়।'

(ক) শামছুর রহমানে জন্ম কত সালে। ১

(খ) 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় ঘাতকের অশুভ আস্তানা বলতে কী বুঝিয়েছেন? ২

(গ) উদ্দীপকে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার যে দিকটিতে আলোকপাত করে তা তুলে ধর। ৩

(ঘ) "উদ্দীপকটি এবং ' ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার মানুষের স্বতঃস্ফুর্ত সংগ্রামী চেতনার এক অসাধারন শিল্পভাষ্য।" – বিশ্লেষণ করো। ৪

৩। (ক) পলাশপুর একটি অজপাড়া গাঁ। পাড়ার বেশির ভাগ লোকই অশিক্ষিত, ধর্মান্ধ ও কুসংস্করাচ্ছন্ন। সেই গ্রামের ছেলে অনীক শহরের কলেজে পড়ে। গ্রামের অশিক্ষিত মানুষকে শিক্ষিত তুলতে সে গ্রামে একটা স্কুল করতে চায়। গ্রামে সভা বসলে মাতব্বর জলিল মন্ডল ও ভন্ড পির ছাবেদ আলী গ্রামে কোরান শিক্ষার জন্য মক্তব গড়তে চায়। অনীক এর প্রতিবাদ করলে তাকে গ্রাম ছাড়া করা হয়।

(ক) 'তোমাদের দাড়ি কই মিঞা ?' উক্তিটি কে করেছিল? ১

(খ) 'এখন সে জড়ের মুখে উড়ে চলা পাতা নয়, স্বচ্ছলতার শিকড় গাড়া বৃক্ষ' উক্তিটি বুঝিয়ে লেখো। ২

(গ) উদ্দীপকের অনীকের উদ্দেশ্যের সাথে 'লালসালু' উপন্যাসের আক্কাসের উদ্দেশ্যের কী মিল পাওয়া যায়? লেখো। ৩

(ঘ) "উদ্দীপকের অনীক ও 'লালসালু' উপন্যাসের আক্কাস উভয়ের উদ্দেশ্য মহৎ হলেও অন্ধ ধর্মবিশ্বাসের কাছে তারা মাথা নত

করেছে"। – উক্তিটি ব্যাখ্যা করো। ৪

৩। (খ) ওয়ার্ল্ড গার্ডেন নেটওয়ার্ক নামে একটি বেসরকারি কোম্পানি রাতারাতি সারা দেশব্যাপি প্রশার লাভ করে। স্বল্প বিনিয়োগে মোটা অঙ্কের মুনাফা দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে তারা দেশের সাধারন মানুষের নিকট হতে টাকা তোলা শুরু করে। কয়েক মাসের মধ্যে কোম্পানিটির জনপ্রিয়তা ব্যাপক হারে বৃদ্ধি পায়। প্রচুর পরিমাণে টাকা হাতিয়ে নিয়ে কোম্পানিটি এক রাতের মধ্যে সারা দেশ হতে গয়েব হয়ে যায়। এই ভুয়া কোম্পানির নিকট দেশের সাধারণ মানুষগুলো তাদের সর্বস্ব খুইয়ে দারুণভাবে প্রতারিত হয়।

(ক) নবাব আলীবর্দি খাঁর প্রিয়পাত্র কে ছিলেন? ১

(খ) ইস্ট ইন্ডিয়া কোম্পানির প্রতিনিধি কেন সিপাহসালারের সাথে দেখা করতে এসেছিলেন? ২

(গ) উদ্দীপকে ওয়ার্ল্ড গার্ডেন নেটয়ার্ক কোম্পানির সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের ইস্ট ইন্ডিয়া কোম্পানির সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩

(ঘ) উদ্দীপকের কোম্পানির উদ্দেশ্য এবং 'সিরাজউদ্দৌলা' নাটকে বর্ণেত ইস্ট ইন্ডিয়া কোম্পানির উদ্দেশ্য একই সূত্রে গাঁথা – তোমার মতামত দাও। ৪

**<u>বাংলা ২য় পত্র-৫০</u>**

৪। ক) ম ফলা উচ্চালণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

অথবা,

খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো:

অত্যাবশ্যক, ইতঃপূর্বে, জিহ্বা, খাদ্যশস্য, গ্রন্থাগার, জ্ঞাতব্য, তত্ত্বাবধান, ব্রহ্মপুত্র।

৫। ক) বাংলা একাডেমি প্রণীত তৎসম শব্দের বানানের পাঁচটি নিয়ম লেখো। ৫

অথবা,

খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের বানান শ্রদ্ধা করো: ইতিমধ্যে, উপরোক্ত কিংবদন্তী, ঐক্যতান, দূর্বিসহ, পিপিলিকা শান্তনা , শ্বাশুড়ি।

৬। ক) বিশেষ্য পদ কাকে বলে? উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণীবিভাগ। বিশ্লেষণ করো। ৫

অথবা,

খ) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি বিশেষণ পদ চিহ্নিত করো:

আজ সাদা মেঘ আকাশ ছেয়ে গেছে। হঠাৎ গুড়ি গুড়ি বৃষ্টি শুরু হল। শিমুল ভাঙ্গা ছাতা দিয়ে বৃষ্টি ঠেকানোর চেষ্টা করছিল। তার বেখেয়ালি মন হালকা বৃষ্টি আর মৃদু হাওয়ায় অস্থির হয়ে উঠল।

৭। ক) ব্যাসবাক্যসহ সমান নির্ণয় করো: (যেকোনো পাঁচটি) ৫

অহোরাত্র, বিশালাক্ষী, পকেটমার, সপ্তডিঙ্গা, মকরমুখো, গুরুভক্তি, বাক্যান্তর, সতীনকাটা।

অথবা,

খ) যেকোনো পাঁচটি শব্দের প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো:

ঘাতক, দ্রাঘিমা, নায়ক, ঐহিক, শৈশব, সাহিত্য, চিরুনি, পানতা।

৮। ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী উদাহরণসহ লেখো। ৫

অথবা,

খ) বন্ধনীর নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করো:

i) মাতৃভূমিকে সকলেই ভালোবাসে (নেতিবাচক)

ii) আমার কেনা বইটি খুব দামী (জটিল)

iii) দশ মিনিট পর ট্রেন এল (যৌগিক)

iv) কেউ অন্যের দুঃখ বুঝালো না (প্রশ্নবোধক)

v) পৃথিবী চিরস্থায়ী নয় (অস্তিবাচক)

vi) লোকটি অত্যন্ত দরিদ্র (বিস্ময়সূচক)

vii) দেশের সেবা করা উচিত (অনুজ্ঞাবাচক)

viii) যে সত্য কথা বলে সবাই তাকে ভালোবাসে (সরল)

৯। ক) যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখ। ৫

i) এটা লজ্জাস্কর ব্যাপার।

ii) অপমান হবার ভয় নেই।

iii) এক অগ্রাহয়ণে শীত যায় না।

iv) বঙ্কিমচন্দ্রের ভয়ঙ্কর প্রতিভা ছিল।

v) সব পাখিরা নীড় বাঁধেনা।

vi) অশ্রু জলে বুক ভেসে গেল।

vii) প্রতিযোগিতায় প্রতিদ্বন্দীতা থাকবেই।

viii) পরীক্ষা চলাকালীন হর্ণ বাজাতে নেই।

অথবা,

খ) নিচের অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখো:

জামিল সাহেব স্বপরিবারে ছুটি কাটাতে চলেছেন। এ যাত্রায় তাঁর যাত্রা কক্সবাজারের সমুদ্র সৈকত। কিন্তু ট্রেনে কিছু যাত্রীর সৌজন্যতাহীন আচরণে তিনি খুব বিরক্ত হলেন। শিক্ষসফরের যাত্রীরা অসুর গলায় গান ধরেছে। তবে তাঁর বিরুক্তবোধ প্রকাশ পাওয়া মাত্রই তারা নিজেদের ভূল বুঝতে পারে।

১০।ক) যেকোনে দশটি শব্দের পারিভাষিক রুপ লেখো: ১০

Nursery, Manifesto, Subsidy, Green room, Ad-hoc, Blueprint, White paper, Anti corruption, Memorandum, Biography, Sanction, Campus, Home ministry, Deed of gift, Legend.

অথবা,

খ) নিচের অনুচ্ছেদটি বাংলা অনুবাদ করো:

A good teacher is one of the most important it people in any country. Bandgladesh needs good teachers. A good teacher make a lesson interesting. He keeps students awake. He also make them confident and proves them clever. Everybody has something valuable in him. A good teacher discover the treasure hidden inside each student.

১১।ক) ইন্টারনেট ব্যবহারের সুফল ও কুফল সম্পর্কে পরামর্শ জানিয়ে ছোট ভাইকে একটি বৈদ্যুতিন চিঠি লেখো। ১০

অথবা, খ) বাংলা নববর্ষ অনুষ্ঠানে অংশগ্রহণের আহ্বান জানিয়ে একটি আমন্ত্রণপত্র রচনা করো।